

জনগণের মুখপত্র

বগুড়া সংস্করণ

ভোরের দর্পণ

বিশ্বকাপে তাসকিনকে পাওয়া
নিয়ে অনিচ্ছয়তা! -পৃষ্ঠা ৯শতাব্দী পেরিয়ে হায়দার আকবর
খান রনো-পৃষ্ঠা ৬

জার্মানির ডাড স্কলারশিপ-পৃষ্ঠা ৭

মা হচ্ছেন অতি
ফারিয়া শাহরিন-পৃষ্ঠা ৮

www.bhorerdarpan.com

/DailyBhorerDarpan

ebhorerdarpan.com

দেশ দর্পণ

বিশ্ব মা দিবস পালিত

‘খ হাসিনার বীরত্ব নারী পুরুষ সমতা’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গতকাল সারাদেশের ন্যায় উত্তরাঞ্চলের বিভিন্ন স্থানে নানা আয়োজনে বিশ্ব মা দিবস পালিত হয়েছে। ভোরের দর্পণ প্রতিনিধিদের পাঠানো ছবি ও খবর

উপজেলা পরিষদ চত্বর থেকে এক র্যালিবেলা করা হয়। র্যালি শেষে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রীতা মতলের সভাপতিত্বে মা সমাবেশ প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মোছা রুমানা আক্তার। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা সমবায় কর্মকর্তা মাজাহারুল ইসলাম, যুব উন্নয়ন কর্মকর্তা মরিস্জামান, আনহার ভিডিপি কর্মকর্তা রীতা রায়, তথ্য সেবা কর্মকর্তা রোকসানা নাগিস প্রমুখ। এসময় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কর্মকর্তা, কর্মচারীসহ উপজেলার সকল মহিলা বিষয়ক সমিতির সদস্য, গনমাধ্যমকর্মীগণ উপস্থিত ছিলেন।

ভানুড়া (পাবনা) : মায়ের প্রতি অফুরান শ্রদ্ধা আর কৃতজ্ঞতায় পাবনার ভানুড়ায় বিশ্ব মা দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে গতকাল উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের অয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা সহকারী কমিশনার ভূমি তাসমীয়া আক্তার রোজীর সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন জাহান, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোছাঃ রুমানা আক্তার রোমি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ) মোছাঃ মাহমুদা মুলতানা, ভানুড়া রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক মোঃ ময়নুল হক প্রমুখ। সভায় বক্তারা বলেন, শুধু সন্তান ধারণ, জন্মদান ও প্রতিপালনই নয়, মা হচ্ছেন সন্তানের প্রধান শিক্ষক। সন্তানের শারীরিক ও মানসিক বিকাশসহ জীবনের সফলতা আসে মায়ের হাত ধরে। মায়ের স্বপ্ন কখনো শোধ হবার নয়। আমাদের সকলের উচিত, পরম মমতায় মাকে আপসে রাখা।

চারঘাট (রাজশাহী) : চারঘাটে বিশ্ব মা দিবস



চারঘাটে বিশ্ব মা দিবস উপলক্ষে মায়েরদের ফুল দিয়ে সম্মাননা জানানো হয়

-ভোরের দর্পণ

উদযাপন উপলক্ষে স্বপ্ন জয়ী মাকে সম্মাননা প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকালে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নিবাহী কর্মকর্তা সাইদা খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোসাম্মত রাশেদা পারভীন। এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা নবনী দত্ত, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সরওয়ারদিন, চারঘাট প্রেসক্লাবের সভাপতি নজরুল ইসলাম বাচ্চু, বুধিরহাট

কলেজের প্রভাষক মিঠু রানা, স্বপ্ন জয়ী মা বনি আর্গরওয়ারা, সাহারা বানু, জরিনা খাতুনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও স্বপ্ন জয়ী মা সদস্যবৃন্দ। অনুষ্ঠান শেষে বিশ্ব মা দিবসে তিনজন স্বপ্ন জয়ী মাকে ফুল দিয়ে বরণ, ক্রেস ও বিশেষ পুরস্কার সম্মাননা প্রদান করেন ইউএনও সাইদা খানম।

দুপচাঁচিয়া (বগুড়া) : দুপচাঁচিয়া উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে গতকাল দুপুরে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা